College file

দূরালাপনী :

**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
**ঢাকা**

নং ২৪৪/ক/স্বী/৮৮/৩৭৬  তারিখ ৪-২-১৯৮৯

বিষয় :- হারম্যান মেইনার স্কুল ও কলেজকে একাদশ শ্রেণী খোলার সাময়িক অনুমতি প্রদান ।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ হারম্যান মেইনার স্কুল ও কলেজকে ১-৭-১৯৮৮ থেকে সাময়িকভাবে একাদশ শ্রেণী খোলার অনুমতিদান করেছেন :-

শাখা

১। বিজ্ঞান শাখা

বিষয় সমূহ

| | |
|---|---|
| আবশ্যিক | ১। বাংলা<br>২। ইংরেজী |
| নৈর্বাচনিক বিজ্ঞান | ১। পদার্থ বিদ্যা<br>২। রসায়ন বিদ্যা<br>৩। জীব বিদ্যা<br>৪। গণিত<br>৫। পরিসংখ্যান<br>৬। ভূগোল<br>৭। জ্যামিতি ও কারিগরী অংকন |

শর্ত সমূহ

১। এই অনুমতি ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না ।

২। সংরক্ষিত তহবিলের টাকা মেয়াদী জমায় বিনিয়োগ করতে হবে । এই তহবিলের টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না ।

৩। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ১৫,০০০/০০ (পনের হাজার) টাকা রাখতে হবে ।

৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং শাঃ৪/১০এম-৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট, রাখতে হবে ।

৫। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ।

৬। কলেজের জন্য বোর্ডের ১৯৭৭ সালের বেসরকারী উচ্চ মাধ্যমিক কলেজ সমূহের গভর্নিং বডি গঠন সংক্রান্ত রেগুলেশন অনুযায়ী নির্বাহী কমিটি (এক্সিকিউটিভ কমিটি) গঠন করে তালিকা বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে ।)

(অঃ পৃঃ দ্রষ্টব্য-২)

দূরালাপনী :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা



নং

তারিখ ১৯৮

৭। পদার্থ বিদ্যা, পরিসংখ্যান ও গণিত বিষয় সমুহে একজন করে পূর্ণকালীন যোগ্যতা সম্পন্ন অধ্যাপক/অধ্যাপিকা নিয়োগ করতে হবে ।

৮। একজন প্রশিক্ষণপ্রাপ্ত লাইব্রেরিয়ান নিয়োগ করতে হবে এবং কলেজের পাঠাগারের জন্য আরও ১০,০০০/০০ (দশ হাজার) টাকায় বই ক্রয় করতে হবে ।

৯। ছাত্র-ছাত্রীদের সংখ্যা আরও বাড়াতে হবে ।

১০। শিক্ষক মন্ডলী ও ছাত্র-ছাত্রীদের আবাসিক ব্যবস্থা করতে হবে ।

১১। কলেজের প্রথম সাময়িক স্বীকৃতি গ্রহনের বিষয় নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফিস পাওয়ার পর বিবেচনা করা হবে :-

(ক) উপরোক্ত শর্তগুলো পুরণ সংক্রান্ত রিপোর্ট ;

(খ) কলেজের কার্যপদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;

(গ) প্রথম সাময়িক স্বীকৃতির ফিস বাবদ ১,৫০০/০০ (এক হাজার পাঁচশত) টাকা (বোর্ডের সেক্রেটারীর অনুকুলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে ।)

(মোঃ গোলাম মোস্তফা)
কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।
ফোনঃ ৫০ ৪১ ৮৮

অধ্যক্ষ,
হারম্যান মেইনার স্কুল ও কলেজ,
প্লট নং ৩-বি, ব্লক-এ, সেকশন-১৩,
মীরপুর, ঢাকা-১৬ ।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথি নং - কলেজ শাখা/DHAKA MAHANAGARI/108215/2300296 তারিখঃ ০৭-০৮-২০২৩

বিষয়ঃ **স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

সূত্র: তার ২৯-০৫-২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, DHAKA MAHANAGARI এর MIRPUR থানাধীন S O S HERMANN GMEINER COLLEGE এর অস্থায়ী স্বীকৃতির সময়সীমা নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ও শাখা এবং বিষয় সমূহসহ **০১/০৭/২০২৩ তারিখ হতে ৩০/০৬/২০২৬** তারিখ পর্যন্ত মোট ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধি করা হল।

| বিজ্ঞান বিভাগের বিষয় সমূহ | মানবিক বিভাগের বিষয় সমূহ | ব্যবসা শিক্ষা বিভাগের বিষয় সমূহ |
|---|---|---|
| 101, 102 - BANGLA(COMPULSORY)<br>107, 108 - ENGLISH(COMPULSORY)<br>265, 266 - Higher Mathematics-I<br>174, 175 - PHYSICS<br>176, 177 - CHEMISTRY<br>178, 179 - BIOLOGY<br>275, - INFORMATION & COMMUNICATION TECHNOLOGY | | |

## শর্তসমূহ:

১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারন তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে।
৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:8/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।
৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।
৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
৭। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।
(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকুলে সোনালি সেবা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

☎ 02-58612476

✉ ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

S O S HERMANN GMEINER COLLEGE EIIN 108215,
MIRPUR, DHAKA MAHANAGARI.

মেমো নং - কলেজ শাখা/DHAKA MAHANAGARI/108215/2300296 (৫) তারিখঃ ০৭-০৮-২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। জেলা প্রশাসক, DHAKA

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। অফিস কপি।

০৭-০৮-২০২৩
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

**চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের তারিখ : ০৬-০৮-২০২৩**

এই আদেশটি অনলাইন এপ্লিকেশনের এর মাধ্যমে সম্পন্ন করা হল।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নথি নং - বিদ্যালয় শাখা/DHAKA MAHANAGARI/108215/2203531 তারিখঃ ২৬-০৬-২০২২

বিষয়ঃ **বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, S O S HERMANN GMEINER COLLEGE-কে ০১-০১-২০২২ তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে অস্থায়ীভাবে স্বীকৃতি নবায়ন করা হলো। জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতি নবায়নের জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

**শর্তসমূহঃ**

১। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
২। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট থাকতে হবে।
৩। সতন্ত্র বিজ্ঞানাগারসহ বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
৪। সতন্ত্র গ্রন্থাগারসহ বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক সৃজনশীল সম্বলিত আরো ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
৫। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরি এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
৬। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
৭। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে যাবার সুযোগ দিতে হবে।
**৮। বিদ্যালয়ের সমস্ত জমি বিদ্যালয়ের নামে নামজারী ও খারিজ খতিয়ান এবং হালসন নাগাদ খাজনা পরিশোধ করে বোর্ডকে অবহিত করতে হবে।**

প্রাপকঃ প্রধান শিক্ষক
S O S HERMANN GMEINER COLLEGE
MIRPUR, DHAKA MAHANAGARI.

চেয়ারম্যানের আদেশক্রমে
স্বাঃ
**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নথি নং - বিদ্যালয় শাখা/DHAKA MAHANAGARI/108215/2203531 তারিখঃ ২৬-০৬-২০২২

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, DHAKA MAHANAGARI.
৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬। জেলা শিক্ষা অফিসার, DHAKA MAHANAGARI.
৭। অফিস কপি।

২৬-০৬-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

এই আদেশটি অনলাইন এপ্লিকেশনের এর মাধ্যমে সম্পন্ন করা হল।